


মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: আব্দুল হাই, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ১৩ কর্তিক ১৪২৬
২৯ অক্টোবর ২০১৯
সময় : বিকাল ০৩.০০ টা
স্থান : সভা কক্ষ, নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেডেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।


সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে সভাপতি গভীর শন্দার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শন্দার সাথে স্মরণ করেন। তিনি সভার শুরুতেই মহান মুক্তিযুদ্ধে আগ্রাদানকারী শহিদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাত্মক বীর মুক্তিযোদ্ধাসহ সকল বীর মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারবর্গের প্রতি গভীর শন্দা জ্ঞাপন করেন। আসন্ন মহান বিজয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় সুন্দর, সুষ্ঠু জাঁকজমকপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	তারিখ ও সময়	কর্মসূচিসিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	১৬/১২/২০১৯ স্থি: সুরোদয়ের সাথে সাথে	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অফিসসমূহ ও অন্যান্য স্থাপনায় জাতীয় পতাকা উত্তোলন।	১. সচিব, ডিএনসিসি ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি
২.	১৬/১২/২০১৯ স্থি:	১. জাতীয় স্মৃতিসৌধে মাননীয় মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। ২. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রগালয়ের সাথে যোগাযোগ করে মাননীয় মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্গনের জন্য নির্ধারিত সময় জেনে নিতে হবে। ৩. সমাজ কল্যাণ বিভাগ এ উদ্দেশ্যে একটি পুষ্পস্তবক তৈরি করে মেয়র মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা/কর্মচারিদের নিকট নির্ধারিত সময়ের পূর্বে হস্তান্তর করবে। ৪. জাতীয় স্মৃতিসৌধে প্রবেশের জন্য সমাজকল্যাণ বিভাগ মাননীয় মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তা এবং পুষ্পস্তবক বহনকারীদের এসবি পাশ সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	১. মেয়র মহোদয়ের একান্ত সচিব ২. প্রধান সমাজকল্যাণ ও বন্ডি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি
৩.	১৫/১২/২০১৯ এবং ১৬/১২/২০১৯ স্থি: উভয় দিন সকা঳ থেকে রাত ০১.০০ টা পর্যন্ত	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ভবন/স্থাপনাসমূহে জাঁকজমকপূর্ণ ও দৃষ্টিন্দন আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে এবং অন্যান্যদের এ বিষয়ে উৎসাহিত করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি
৪.	১৬/১২/২০১৯ স্থি: সকাল ৭.০০ টা	১৬ ডিসেম্বর, ২০১৯ তারিখ সকাল ০৭.৩০ টা অথবা সুবিধাজনক সময়ে স্থানীয় সরকার বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনসহ স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তা থেকে র্যালী করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ লক্ষ্যে উক্ত দিন সকাল ০৭.০০ টা রাত মধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্মানিত কাউন্সিলরবন্দ, সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তায় সমবেত হবেন। সকল সম্মানিত কাউন্সিলরবন্দকে উক্ত র্যালিতে অংশগ্রহণের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। সমাজ কল্যাণ বিভাগ পুষ্পস্তবক ও ব্যানারের ব্যবস্থা করবে এবং র্যালীর জন্য প্রয়োজনীয় সংখ্যক পানীয় জলের বোতল সরবরাহ করবে। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণের জন্য নগর ভবন ও আঞ্চলিক কার্যালয়সমূহে প্রয়োজনীয়	১. সম্মানিত কাউন্সিল (সকল) ২. সচিব, ডিএনসিসি ৩. বিভাগীয় প্রধান (সকল), ডিএনসিসি ৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি ৫. ডিএনসিসি'র সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীবন্দ
		সচিব, ডিএনসিসি	প্রধান সমাজ কল্যাণ ও বন্ডি উন্নয়ন কর্মকর্তা
		প্রধান সমাজ কল্যাণ ও বন্ডি উন্নয়ন কর্মকর্তা	মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি



		<p>সংখ্যক গাড়ীর ব্যবস্থা রাখতে হবে।</p> <p>র্যালীতে অংশগ্রহণকারীদের ব্যবহারের জন্য প্রয়োজনীয় সংখ্যক লাল সবুজের ডিজাইন সম্পর্কিত ক্যাপ এর ব্যবস্থা করতে হবে। উক্ত ক্যাপে নিম্নোক্ত শ্লোগানটি লিখা থাকবে।</p> <p style="text-align: center;">মহান বিজয় দিবস ২০১৯ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন স্থানীয় সরকার বিভাগ</p>	<ol style="list-style-type: none"> প্রধান ভাস্তর ও ক্রয় কর্মকর্তা, ডিএনসিসি প্রধান সমাজকল্যাণ ও বন্ধু উন্নয়ন কর্মকর্তা 														
৫.	১৬/১২/২০১৯ খ্রি:	<p>মহান বিজয় দিবস ২০১৯ উদযাপনের লক্ষ্যে জাতীয় প্যারেড ক্ষয়ারে সমিলিত বাহিনীর কুচকাওয়াজের যান্ত্রিক বহরে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দস্তর/সংস্থার একটি গাড়িতে ভ্রায়মান ডিসপ্লে প্রদর্শন করা হবে। উক্ত যান্ত্রিক বহর সমষ্টিয়ের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নিম্নরূপ কমিটি গঠন করা হয়:</p> <table border="1"> <tr> <td>১. যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ</td><td>আহারাক</td></tr> <tr> <td>২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি, ঢাকা</td><td>সদস্য</td></tr> <tr> <td>৩. মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি</td><td>সদস্য</td></tr> <tr> <td>৪. মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএসসিসি</td><td>সদস্য</td></tr> <tr> <td>৫. ডিপিএইচটি, ঢাকা এর প্রতিনিধি</td><td>সদস্য</td></tr> <tr> <td>৬. ঢাকা ওয়াসা এর প্রতিনিধি</td><td>সদস্য</td></tr> <tr> <td>৭. উপসচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ</td><td>সদস্য সচিব</td></tr> </table> <p>কমিটির সদস্য হিসেবে মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করবেন এবং কমিটিকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।</p>	১. যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ	আহারাক	২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি, ঢাকা	সদস্য	৩. মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি	সদস্য	৪. মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএসসিসি	সদস্য	৫. ডিপিএইচটি, ঢাকা এর প্রতিনিধি	সদস্য	৬. ঢাকা ওয়াসা এর প্রতিনিধি	সদস্য	৭. উপসচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ	সদস্য সচিব	মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি
১. যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ	আহারাক																
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি, ঢাকা	সদস্য																
৩. মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি	সদস্য																
৪. মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএসসিসি	সদস্য																
৫. ডিপিএইচটি, ঢাকা এর প্রতিনিধি	সদস্য																
৬. ঢাকা ওয়াসা এর প্রতিনিধি	সদস্য																
৭. উপসচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ	সদস্য সচিব																
৬.		<p>মহান বিজয় দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয়/বিদেশী অতিথিবৃন্দের সাভারস্থ জাতীয় সূতিসৌধে যাতায়াতের পথে-</p> <ul style="list-style-type: none"> ডিএনসিসি'র আওতাধীন সড়কে প্রয়োজনীয় সংস্কার (প্রযোজ্য ক্ষেত্রে) কার্যক্রম আগোড়াগে সম্পন্ন করতে হবে; অপ্রয়োজনীয় ব্যানার-ফেন্টন ও বর্জ্য অপসারণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করে রাখতে হবে; সড়ক বাতি সচল রাখার ব্যবস্থা করতে হবে। রাস্তায় যাতে খুলাবালি না ওড়ে সেজন্য সড়কে পানি ছিটানোর অগ্রিম ব্যবস্থা করতে হবে। তবে রাস্তায় পানি ছিটানোর কারণে যেন কাদা সৃষ্টি না হয় সেদিকে সর্তর্ক দৃষ্টি রাখতে হবে। 	<ol style="list-style-type: none"> প্রধান প্রকৌশলী, ডিএনসিসি প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ডিএনসিসি 														
৭.	১৫/১২/২০১৯ খ্রি: সকাল ১০.৩০ টা	ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের মৌখিক উদ্বোগে “বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যগণের সংবর্ধনা, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান” আয়োজন করা হবে। এ বিষয়ে ডিএনসিসি'র সচিব ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে প্রয়োজনীয় সময়সূচী সাধন করবেন।	সচিব, ডিএনসিসি														
৮.	১৬/১২/২০১৯ খ্রি: সকাল ও সকার্য	মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পানির ফোয়ারাসমূহ সকাল ও সকার্য চালু রাখা হবে।	সৌন্দর্যবর্ধন সেল/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি														
৯.	১৫/১২/২০১৯ খ্রি: সকার্য হতে ১৬/১২/২০১৯ খ্রি: রাত ০১.০০ টা পর্যন্ত	<p>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ফেন্টন, প্লাকার্ড ও বৈদ্যুতিক বাতি দ্বারা সজ্জিতকরণের ব্যবস্থা নেয়া হবে।</p> <p>স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কোনক্রমেই কাগজের তৈরী জাতীয় পতাকা (যা ছিড়ে ভুলুষিত/পদ্ধতিত হওয়ার আশংকা থাকে) ব্যবহার করা যাবে না।</p>	<ol style="list-style-type: none"> প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি প্রধান প্রকৌশলী, ডিএনসিসি বিউটিফিকেশন সেল বিদ্যুৎ সার্কেল, প্রকৌশল বিভাগ 														
১০.	১৬/১২/২০১৯ খ্রি:	সন্তাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির জন্য আলোচনা ও শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আভার মাগফেরাত/যুদ্ধাত্মক মুক্তিযোদ্ধাদের সুস্থান্ত্র এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদে	<ol style="list-style-type: none"> সম্মানিত কাউন্সিলর (সকল), ডিএনসিসি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা 														



		বাদ জোহর মোনাজাত এবং মন্দির, গীর্জা, প্যাগোড় ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে প্রার্থনার আয়োজন করা হবে। সম্মানিত কাউন্সিলরগণকে এ বিষয়ে সম্পত্তি করতে হবে।	(সকল), ডিএনসিসি ৩. প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা, ডিএনসিসি
১১.	১৬/১২/২০১৯ খ্রি:	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন শিশু পার্কসমূহ শিশুদের জন্য ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখে সকাল-সন্ধ্যা উন্মুক্ত রেখে বিনা টিকেটে প্রদর্শনের ব্যবস্থা করা হবে।	১. প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি ২. প্রধান নগর পরিকল্পনাবিদ, ডিএনসিসি
১২.	১৬/১২/২০১৯ খ্রি:	ঢাকা শহরের বিভিন্ন এলাকায় “ফ্ল্যাগ বুলস ১৯৭২” মোতাবেক যথাযথ রং ও মাপের জাতীয় পতাকা টানানোর বিষয়টি পর্যবেক্ষণ পূর্বক নিশ্চিত করণের লক্ষ্যে ডিএনসিসি’র সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এবং নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।	১. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি ২. নির্বাহী ম্যাজিস্ট্রেট, ডিএনসিসি

সভাপতি মহান বিজয় দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আব্দুল হাই) ২১/১২/১৯
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন


ফোন: ৮৮৮১১৩৩৩
ceo@dncc.gov.bd

নং : ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২- ৩৬৭

তারিখ : ১২ অক্টোবর ১৪২৫
২৭ এক্টোবর ২০১৯

অনুলিপি : (জ্যোতির কুমারুসারে নয়)

- সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
- ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো, ঢাকা।
- সম্মানিত কাউন্সিল, সাধারণ ওয়ার্ড ও সংরক্ষিত আসন (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ভারপ্রাপ্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- উপ প্রধান রাজস্ব কর্মকর্তা/উপ প্রধান হিসাব বক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- প্রধান নগর পরিকল্পনাবিদ (ভারপ্রাপ্ত), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- নির্বাহী প্রকৌশলী (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। এ কার্যবিবরণী ডিএনসিসি’র ওয়েবসাইটে আপলোড করাসহ ডিএনসিসি’র সকল স্তরের কর্মকর্তাদের অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- সহকারী সচিব (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- অফিস কপি।



(রবীন্দ্রনাথ বড়ুয়া)
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

secretary@dncc.gov.bd